**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) পি এম কুসুম প্রকল্পে রাজ্যে এখন পর্যন্ত সেচের জন্য কৃষকদের ৩৩৬৩টি সোলার পাম্প প্রদান করা হয়েছে ।**

**(২) আলোর উৎসব দীপাবলির দ্বিতীয় দিনেও রাজ্য আজ উৎসব মুখর ।**

**(৩) উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামলাতে ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে মোট ১২ জোড়া উৎসব স্পেশাল ট্রেন চালু করা হয়েছে ।**

**(৪) সরকার নমো ড্রোন দিদি প্রকল্পের প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করেছে ।**

*******************************************

**PM-Kusum Yojna :**

পি এম কুসুম প্রকল্পে রাজ্যে এখন পর্যন্ত সেচের জন্য কৃষকদের ৩৩৬৩টি সোলার পাম্প প্রদান করা হয়েছে। আরো ৫০০০ সোলার পাম্প প্রদানের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার যুগ্ম অধিকর্তা দেবব্রত শুক্ল দাস আজ আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন। তিনি বলেন, এই প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ এলাকার কৃষকদের আর্থিক মান উন্নয়ন। এই পাম্প ব্যবহারের মধ্য দিয়ে বিদ্যুৎ সাশ্রয়ের পাশাপাশি কৃষকদের ফসল ও আয় দ্বিগুণ হচ্ছে। যে সমস্ত এলাকায় এখনো বিদ্যুৎ পৌঁছায়নি বিশেষ করে

পশ্চাৎপদ বারোটি ব্লক এলাকায় কৃষকদের মধ্যে এই পাম্প বিতরণ করা হয়েছে। তাছাড়া রাজ্যের অন্যান্য ব্লকেও এই পাম্প দেওয়া হচ্ছে। প্রতিটি পাম্পের মূল্য এক লক্ষ আশি হাজার টাকা। এই পাম্প নেবার ক্ষেত্রে সুবিধাভোগী কৃষকদের মাত্র ১৫ হাজার টাকা করে দিতে হচ্ছে। বাকি ব্যয়ভার বহন করছে কেন্দ্র ও রাজ্য সরকার। সেচের কাজে রাজ্য সরকারের অগ্রণী ভূমিকা গ্রহন করায় কৃষি কাজে আগ্রহ বেড়েছে কৃষকদের। এখন কৃষকরা দুই ফসল ও তিন ফসল ধান উৎপাদনে করছে বলে তিনি জানিয়েছেন।

*************************

**Diwali :**

আলোর উৎসব দীপাবলির আজ দ্বিতীয় দিন ও উৎসব মুখর। পঞ্জিকা অনুযায়ী আজও সন্ধ্যা পর্যন্ত অমাবস্যা তিথির যোগ থাকায় বহু স্থানে আজও শ্যামাপুজার আয়োজন করা হয়। আলোকমালায় উজ্জ্বল বিভিন্ন পুজা মন্ডপ, রাজপথ। হাজার হাজার দর্শনার্থীদের সমাগম হচ্ছে পূজা মন্ডপগুলোতে। আকাশে নানা রঙ্গের আতস বাজির বর্নছটা, আকাশে ভেসে বেড়ানো ফানুস, ঢাক কাঁসর ঘন্টার আওয়াজে এক আনন্দোচ্ছল পরিবেশ।

উদয়পুরে মাতাবাড়িতে রাজ্যের ঐতিহ্যবাহী তিন দিন ব্যাপী দীপাবলী উৎসব ও মেলার আজ দ্বিতীয় দিন। আজ সকাল থেকেই মেলা প্রাঙ্গণে হাজার হাজার পূর্ণার্থীর সমাগম হয়। দেশ বিদেশের বহু পর্যটক এই মেলায় এসে হাজির হয়েছে। এদিকে, তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ধন্যমাণিক্য মুক্তমঞ্চে গতকাল থেকে একটানা ৪৭ ঘন্টা সাংস্কৃতিক অনুষ্ঠান চলছে। রাজ্য ও বহিঃ রাজ্যের শিল্পীরা এই সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করছেন।

আগরতলার ইন্দ্রনগর কালীবাড়ি ও কমলাসাগরের কসবা কালীবাড়িতেও প্রচুর দর্শনার্থীর সমাগম হয়েছে। বিভিন্ন পূজা মন্ডপের সামনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ দীপাবলি উৎসবের দ্বিতীয় দিনে দক্ষিন জেলার বিলোনিয়ার যোগমায়া কালীবাড়ি, সাব্রুমের দৈত্যেশ্বরী কালিবাড়িতে হাজার হাজার পুন্যার্থীর সমাগম হয়েছে। তাছাড়া মুহুরীরপুরের রাজ রাজেশ্বরী মন্দিরে রাজ রাজেশ্বরী পর্যটন উৎসবের দ্বিতীয় দিনের সন্ধ্যা থেকেই শুরু হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান। জোলাইবাড়ির পিলাক পার্কিং জোন, পশ্চিম জোলাইবাড়ির ভ্রাতৃ সংঘের কালি মন্দির ও বাইখোড়ার এসএসবি ক্যাম্পেও দীপাবলি উপলক্ষ্যে হচ্ছে সাংস্কৃতিক অনুষ্ঠান।

রাজ্যে শ্যামাপূজার অন্যতম আকর্ষণ উত্তর জেলার ধর্মনগর শহরও এখন উৎসব মুখর পরিবেশ। রাজ্যের অন্যান্য অংশের সঙ্গে পার্শবর্তী আসামের শিলচর, করিমগঞ্জ, প্রভৃতি এলাকার মানুষ পুজা দেখতে ধর্মনগরে আসছেন।

***************************

**Diwali-BSF :**

দীপাবলী উৎসব উদযাপনের অঙ্গ হিসেবে বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ার এর আইজি প্যাটেল পিয়ূষ পুরুষোত্তম দাস, গতকাল পশ্চিম জেলার ভাগলপুর এবং মোহনপুর সীমান্ত চৌকি পরিদর্শন করেন। এই পরিদর্শনকালে তিনি ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে কর্মরত বিএসএফ জওয়ানদের সঙ্গে মত বিনিময় করেন।

সীমান্ত চৌকিতে 'দীপোৎসব ও প্রহরী সম্মেলনের' আয়োজন করা হয়। এ উপলক্ষে বিএসএফ এর আইজি সমস্ত সীমান্তরক্ষী এবং তাদের পরিবারকে এক সমৃদ্ধ এবং সুখী দীপাবলীর শুভেচ্ছা জানান।

আইজি পুরুষোত্তম দাস দেশের নিরাপত্তা রক্ষায় বিএসএফ জওয়ানদের অক্লান্ত প্রচেষ্টার প্রশংসা করেন।

বি.এস.এফ-এর ডি.আই.জি পরমজিৎ সিং, বিএসএফ এর ১০৪ ব্যাটালিয়নের কমান্ডেন্ট নীরজ জামওয়াল, এবং ৪২ নম্বর ব্যাটেলিয়নের কমান্ডেন্ট অজয় কুমার মোহনপুর এবং ভাগলপুর

সীমান্ত চৌকিতে আইজি পুরুষোত্তম দাসকে স্বাগত জানান। বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের এখবর জানানো হয়েছে।

**************************

**Special Train :**

উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামলাতে ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে মোট ১২ জোড়া উৎসব স্পেশাল ট্রেন চালু করা হয়েছে। রাজ্যে এই উৎসব স্পেশাল ট্রেন ট্রেনের যাত্রা শেষ হবে আগামীকাল। অন্যান্য রুটে আগামী চৌঠা নভেম্বর পর্যন্ত উৎসব স্পেশাল ট্রেন চলবে।

আগরতলা রেল স্টেশনের স্টেশন মাস্টার চন্দ্রমোহন শাহ্ জানান উৎসব স্পেশাল ট্রেন আগরতলা থেকে ভোর পাঁচটায় ধর্মনগর রওনা হয়ে সকাল ৮টা ৫০ মিনিটে ধর্মনগর পৌঁছায়। ধর্মনগর থেকে সকাল দশটা তিরিশ মিনিটে আগরতলার উদ্দেশ্যে যাত্রা করে দুইটা ৫ মিনিটে আগরতলা পৌঁছায়। অপরদিকে আগরতলা থেকে দুপুর ২টা ৩০ মিনিটে রওনা হয়ে বিকেল চারটা ত্রিশ মিনিট এ সাব্রুমে পৌঁছায়। সাব্রুম থেকে বিকেল পাঁচটা বিশ মিনিটে যাত্রা করে আগরতলা পৌঁছায় সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটে।

নিউ কোচবিহার-শিয়ালদহ, উধনা-কাটিহার, কাটিহার-উজ্জয়িনী, অমৃতসর-কাটিহার, কাটিহার-অমৃতসর, কলকাতা-সহরসা, সহরসা-কলকাতা রুটেও উৎসব স্পেশাল ট্রেন চলছে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে এই উৎসব স্পেশাল ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি-এর ওয়েবসাইটে রয়েছে এবং বিভিন্ন সংবাদপত্র ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন স্যোসাল মিডিয়া প্ল্যাটফর্মেও দেওয়া আছে। যাত্রা করার পূর্বে এই বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের প্রতি এন এফ রেলওয়ের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Namo Drone :**

সরকার নমো ড্রোন দিদি প্রকল্পের প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করেছে। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক দীনদয়াল অন্ত্যোদয় যোজনা, জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের অধীনে মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলিকে এক হাজার ২৬১ কোটি টাকা ব্যয়ে ড্রোন দেওয়ার জন্য এই প্রকল্পের অনুমোদন করেছে। এই প্রকল্পের লক্ষ্য ২০২৪-২৫ থেকে ২০২৫-২০২৬ অর্থবছরে ১৪ হাজার ৫০০টি নির্বাচিত মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে ড্রোন সরবরাহ করা। নির্দেশিকা অনুসারে, নমো ড্রোন দিদি প্রকল্প কেন্দ্রীয় স্তরে কৃষি ও কৃষক কল্যাণ, গ্রামীণ উন্নয়ন ও সার বিভাগের সচিবদের ক্ষমতাপ্রাপ্ত কমিটি দ্বারা পরিচালিত হবে। ড্রোন কেনার জন্য মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলিকে সর্বাধিক আট লক্ষ টাকা পর্যন্ত ড্রোন এবং আনুষাঙ্গিক ব্যয়ের ৮০ শতাংশ প্রদান করা হবে। স্বনির্ভর গোষ্ঠীগুলির ক্লাস্টার স্তরের ফেডারেশনগুলি ঋণের সুবিধা দেবে। মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলির একজন সদস্যকে ১৫দিনের প্রশিক্ষণের জন্য নির্বাচিত করা হবে।

**************************

**National Youth Awards :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডাভিয়া তরুণদের সম্মানজনক জাতীয় যুব পুরস্কার ২০২২-২৩-এর জন্য আবেদন করার আহ্বান জানিয়েছেন। স্বাস্থ্য, ও মানবাধিকারের প্রচার, সক্রিয় নাগরিকত্ব এবং গোষ্ঠী পরিষেবার মতো উন্নয়ন এবং সামাজিক পরিষেবাগুলির বিভিন্ন ক্ষেত্রে চমৎকার কাজ এবং অবদানের জন্য ১৫ থেকে ২৯ বছর বয়সী ব্যক্তি এবং সেইসঙ্গে সংস্থাকে এই পুরস্কার প্রদান করা হয়।

পুরস্কারের মধ্যে রয়েছে একটি পদক ও শংসাপত্র এবং ব্যক্তির জন্য এক লক্ষ টাকা এবং সংগঠনের জন্য নগদ তিন লক্ষ টাকা। একটি ভিডিও বার্তায়, ডঃ মান্ডাভিয়া জোর দিয়ে বলেন যে পুরস্কারগুলি নিছক একটি প্রশংসা নয় বরং একটি প্রগতিশীল এবং অন্তর্ভুক্তিমূলক ভারত গড়ে তোলার জন্য যুব নেতৃত্বের উদযাপন। জাতীয় যুব পুরস্কারের জন্য আজ থেকে ১৫ই নভেম্বর পর্যন্ত স্বরাষ্ট্র মন্ত্রকের কমন অ্যাওয়ার্ড পোর্টালের মাধ্যমে আবেদন করা যাবে।

************************

**Train :**

লামডিং বদরপুর হিল সেকশনে মুপার কাছে মাল গাড়ির পণ্য বোঝাই একটি বগি ২ নম্বর টানেলের ভেতর লাইনচ্যুত হওয়ার ফলে গতকাল বিকেল থেকে আজ ঐ রুটে ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে। আজ আগরতলা থেকে দূরপাল্লার কোনো ট্রেন চলাচল করেনি। আগরতলাগামী কোন ট্রেন ও আসেনি। তবে আগরতলা বদরপুর এবং শিলচরের মধ্যে যথারীতি ট্রেন চলাচল করেছে। উত্তর-পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানান যুদ্ধকালীন তৎপরতায় পুনরায় রেল চালুর কাজ চলছে। টানেল থেকে লাইনচ্যুত বগিটিকে বের করে আনা

হয়েছে। তবে টানেলের কাছাকাছি একটি সেতু সংস্কারের কাজ চলছে। আজ রাতের মধ্যে রেল চলাচল পুনরায় চালু করার উদ্যোগ নেয়া হয়েছে বলে তিনি জানান। শ্রী শর্মা আরো জানান, আজ গুয়াহাটি-আগরতলা, আগরতলা-সেকেন্দ্রাবাদ এই দুটি ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে। তাছাড়া শিয়ালদহ থেকে সাব্রুমগামী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আজ শেষ গন্তব্যস্থল হবে লামডিং। লামডিং থেকে সাব্রুম পর্যন্ত কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে। আগরতলা-ব্যাঙ্গালুরু রুটের হামসফর এক্সপ্রেসটি আগামীকাল আগরতলার পরিবর্তে গুয়াহাটি থেকে ব্যাঙ্গালুরুর উদ্দেশ্যে রওনা হবে। তাছাড়া আগামীকাল কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস সাব্রুমের পরিবর্তে লামডিং থেকে শিয়ালদহের উদ্দেশ্যে রওনা হবে।

*************************

**CM-Social media influencers :**

দীপাবলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জনজাতি মিডিয়া এবং সোশ্যাল মিডিয়ায় প্রভাবক ও উপস্থাপকদের শুভেচ্ছা জানান। আজ রাজ্য অতিথিশালায় অনুষ্ঠিত এক অনুষ্ঠানে তিনি জনজাতি মিডিয়া এবং সোশ্যাল মিডিয়ায় প্রভাবকদের সাথে মতবিনিময়ও করেন। বিশ্বের সামনে রূপান্তরিত ভারতকে তুলে ধরতে তিনি অংশগ্রহণকারী ব্লগার, বিষয়বস্তু নির্মাতা এবং ইউ টিউবারদের প্রতি আহবান জানান। এক ভারত শ্রেষ্ঠ ভারত এবং এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে উদ্ভাবনী প্রকল্প রূপায়নের ব্যাপারে সামাজিক মাধ্যমের উপস্থাপকদের পরামর্শমূলক বিষয়বস্তু নির্মাণ করতেও মুখ্যমন্ত্রী আহ্বান জানান।

*************************

**Narcotics - Rs 2 crore seized :**

নেশা বিরোধী অভিযানে আবারও বড়সড় সাফল্য পেল আমবাসা থানার পুলিশ। আজ সন্ধ্যায় ৮ নং আসাম আগরতলা জাতীয় সড়কের আমবাসা থানাধীন বেত বাগান নাকা পয়েন্টে একটি ছোট গাড়িতে তল্লাশি চালিয়ে আশি হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে আমবাসা থানার পুলিশ। আমবাসা থানার ওসি গুরুপদ দেবনাথ জানান গাড়িটি ধর্মনগরের দিক থেকে এবং আগরতলার যাচ্ছিল। উদ্ধারকৃত নেশা সামগ্রী গুলির বাজার মূল্য প্রায় দুই কোটি টাকা। তিনি জানান, গাড়িটির পাশাপাশি গাড়ির চালককে আটক করা হয়। এব্যাপারে, পুলিশ এন ডি পি এস এক্টে একটি মামলা গ্রহণ করেছে।

**************************

**Defence Secretary :**

কেরালা ক্যাডারের 1989 সালের ব্যাচের আইএএস অফিসার রাজেশ কুমার সিং আজ প্রতিরক্ষা সচিব হিসাবে দায়িত্ব গ্রহণ করেছেন। শ্রী সিং অন্ধ্রপ্রদেশ ক্যাডারের 1988-ব্যাচের আইএএস অফিসার গিরিধর আরামেনের স্থলাভিষিক্ত হয়েছেন। দায়িত্ব নেওয়ার আগে, শ্রী সিং নতুন দিল্লির জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন এবং বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

*************************

**University Football :**

পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয় নক আউট মহিলা ফুটবল প্রতিযোগিতায় আজ ডি-গ্রুপে খেলায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয় জয়লাভ করেছে। ইম্ফলে জাতীয় ক্রীড়া বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এই আসরে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ১-০ গোলে বেনারসের মহাত্মা গান্ধী কাশী বিদ্যাপীঠকে পরাজিত করে। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধিনায়িকা রূপশ্রী দেববর্মা জয়সূচক গোলটি করেন। আজ প্রতিযোগিতার

আনুষ্ঠানিক উদ্বোধন হয়। ত্রিপুরা আগামীকাল নাগাল্যান্ড বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে খেলবে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন চব্বিশ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

*****************************